দৈনিক বাংলা

তারিখ 29 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ২

45

রাজশাহী ভার্সিটি শিক্ষক দলের সঙ্গে সাক্ষাৎ

# সেসন জট নিরসনে পদক্ষেপ নিন : খালেদা জিয়া

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এম আনিসুর রহমানের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্য ও শিক্ষকদের একটি প্রতিনিধি দল সোমবার বিকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তাঁর সচিবালয়ে সাক্ষাৎ করেন। খবর বাসস।

বৈঠককালে প্রধানমন্ত্রী বলেছেন, সরকার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের জরুরী দাবীসমূহ সহানুভূতির সঙ্গে বিবেচনা করবে। তিনি সেসন জট নিরসনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পদক্ষেপ নেয়ার পরামর্শ দেন। প্রধানমন্ত্রী বলেন, সরকার রাজশাহী বিশ্ববিদ্যালয়কে একটি এ্যাম্বুলেন্স দেবে। তাছাড়া বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সমস্যাগুলোও বিবেচনা করবে। শিক্ষামন্ত্রী জমিরউদ্দীন সরকার এ সময় উপস্থিত ছিলেন। এর আগে ভাইস চ্যান্সেলর রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বর্ধিত শ্রেণী কক্ষ ও আবাসিক সুবিধার প্রয়োজনীয়তা প্রধানমন্ত্রীকে অবহিত করেন।